

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
পল্লীতলা, নওগাঁ।


স্মারক নং - ৩১.৪৩.৬৪৭৫.০০১.৪১.০০১.২১- ৫০৫

তারিখ ২২/০৪/২০২২

বিষয়ঃ বাংলা ১৪২৯-১৪৩১ সন মেয়াদে সরকারি জলমহাল ইজারার অনলাইনে আবেদন দাখিলের সময় বৃদ্ধিকরণ।

সূত্রঃ ভূমি মন্ত্রণালয়ের ১০/০৪/২০২২ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২) ২১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমিতি কর্তৃক অনলাইনে ইজারা আবেদন বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের ২৩/০২/২০২২ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২) ৫৪ নং স্মারকে সিডিউল ঘোষণা করা হয়। উক্ত সিডিউলে ১০ ফাঙ্কুন থেকে ২৫ ফাঙ্কুলের মধ্যে অনলাইনে আবেদন দাখিলের জন্য সময়সীমা নির্ধারিত ছিল। পরবর্তীতে ১০/০৪/২০২২ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২) ২১ নং স্মারকে অনলাইনে আবেদন দাখিলের সময়সীমা ১৪২৮ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। বর্ণিত সময়সীমার মধ্যে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সকল মৎস্যজীবী সমবায় সমিতির নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইনে আবেদনের জন্য উপজেলা ভূমি অফিস, পল্লীতলা থেকে সিডিউল ক্রয়পূর্বক jm.lams.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন করা যাবে।



(মোঃ রাশেদুল ইসলাম)
সহকারী কমিশনার (ভূমি)

ও

সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পল্লীতলা, নওগাঁ।